# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪৫

২৩/ মানত ও কসম (كتاب النذور والأيمان عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মানত পূরণ করা।

## باب مَا جَاءَ فِي وَفَاءِ النَّذْرِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنْ عُمَرَ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي كُنْتُ نَذَرْتُ أَنْ أَعْتَكِفَ لَيْلَةً فِي الْمَسْجِدِ الْحَرَامِ فِي الْجَاهِلِيَّةِ . قَالَ " أَوْفِ بِنَذْرِكَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا الْحَدِيثِ قَالُوا إِذَا أَسْلَمَ الرَّجُلُ وَعَلَيْهِ نَذْرُ طَاعَةٍ فَلْيَفِ بِهِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ لاَ اعْتِكَافَ إِلاَّ بِصَوْمٍ . وَقَالَ آخَرُونَ مِنْ أَهْلِ الْعِلْمِ لَيْسَ عَلَى الْمُعْتَكِفِ صَوْمٌ إِلاَّ أَنْ يُوجِبَ عَلَى نَفْسِهِ صَوْمًا . وَاحْتَجُّوا بِحَدِيثِ عُمَرَ أَنَّهُ نَذَرَ أَنْ يَعْتَكِفَ لَيْلَةً فِي الْجَاهِلِيَّةِ فَأَمَرَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم بِالْوَفَاءِ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১৫৪৫। ইসহাক ইবনু মানসুর (রহঃ) ... উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি একদিন বললেন, ইয়া রাসূলাল্লাহ, জাহেলী যুগে আমি মসজিদুল হারামে এক রাত ই’তিকাফ করার মানত করেছিলাম। তিনি বললেন, তোমার মানত পূরণ কর। সহীহ, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে উমার রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। এই হাদীস অনুসারে কতক আলিম আমল করেছেন। তারা বলেন, কোন ব্যক্তি যদি ইসলাম গ্রহণ করে আর তার উপর যদি কোন নেক কাজের মানত থাকে তবে সে তার মানত পূরণ করবে। কতক সাহাবী ও অপরাপর আলিম বলেন, সাওম ব্যতিরেখে ই’তিকাফ হয় না। অপর একদল আলিম বলেন, নিজের উপর সাওম প্রযোজ্য করা ব্যতিরেখে ই’তিকাফকারীর জন্য সওম অত্যাবশ্যক নয়। তারা উমার রাদিয়াল্লাহু আনহু-এর এ হাদীসটি দলীল হিসাবে পেশ করেন যে, তিনি একরাত ই’তিকাফ করবেন

বলে জাহেলী যুগে মানত করেছিলেন। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সেই মানত পূরণ করতে নির্দেশ দেন। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

## English

Narrated 'Umar:
"I said:'O Messenger of Allah! I had vowed to perform I'tikaf in Al-Masjid Al-Haram for a night during the era of Jahiliyyah.' He said: 'Fulfill your vow.''"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন